আলমডাঙ্গায় খাদিমপুর ইউপি চেয়ারম্যানের যোগদান ঘিরে সংঘর্ষ, ধাওয়া-পাল্টা

আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোজাহিদুর রহমান জোয়ার্দার লোটাসের যোগদানকে কেন্দ্র করে উত্তেজনা ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল বৃহস্পতিবার ইউনিয়ন পরিষদ চত্বরে এ ঘটনা ঘটে।

জানা যায়, পূর্বে বরখাস্ত হওয়া চেয়ারম্যান মোজাহিদুর রহমান জোয়ার্দার লোটাস হাইকোর্টের আদেশ ও জেলা প্রশাসকের নির্দেশনার পর পুনরায় দায়িত্ব গ্রহণের জন্য পরিষদে আসেন। এ সময় স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা তার পুনঃযোগদানের বিরোধিতা করে পরিষদে প্রবেশে বাধা দেন।

এ নিয়ে দুই পক্ষের মধ্যে প্রথমে বাকবিতণ্ডা সৃষ্টি হয়, যা পরে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষে রূপ নেয়। এক পর্যায়ে চেয়ারম্যান লোটাসের সমর্থনে কয়েকশ গ্রামবাসী লাঠিসোটা নিয়ে ঘটনাস্থলে জড়ো হলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। উভয় পক্ষের মধ্যে হাতাহাতি ও মারধরের ঘটনায় কয়েকজন আহত হয়েছেন বলে জানা গেছে।

এদিকে ঘটনাকে কেন্দ্র করে বিএনপির নেতাকর্মীরা আলমডাঙ্গার বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল করেন। মিছিল চলাকালে উপজেলার কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিকা ও নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিপুলের ওপর হামলার ঘটনা ঘটে। এতে তারা গুরুতর আহত হয়েছেন বলে জানা গেছে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে প্রশাসন সতর্ক অবস্থানে রয়েছে।

আলমডাঙ্গার খাদিমপুরে বিএনপির পদযাত্রায় যুবলীগের হামলা,আহত ৪

আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়ন বিএনপির পদযাত্রায় হামলার অভিযোগ উঠেছে যুবলীগের বিরুদ্ধে। এসময় বিএনপির চার নেতাকর্মীকে মারধরের অভিযোগ উঠে এরমধ্যে তিনজন উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। শনিবার (১১ ফেব্রুয়ারি) বিকেলে আলমডাঙ্গার খাদিমপুরে এঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, বর্তমান সরকারের পদত্যাগসহ ১০ দফা দাবিতে শনিবার দেশের সকল ইউনিয়নে পদযাত্রা কর্মসূচি ঘোষণা করে বিএনপি। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়ন বিএনপি পদযাত্রা শুরু করলে যুবলীগের নেতাকর্মীরা পদযাত্রায় হামলা করেন। এতে বিএনপি ও অঙ্গ সংগঠনের চারজন আহত হন।

আহতরা হলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সহ সাংগঠিক সম্পাদক মহাসিন আলী, উপজেলা যুবদলের সদস্য মতিউর রহমান, খাদিমপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুসাইন আহমেদ, বাড়াদি ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক আবিদ হাসান স্বজল।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরীফ জানান ,খাদিমপুর ইউনিয়ন চেয়ারম্যান মোজাহিদুর রহমান জোয়ার্দ্দার লোটাসের নেতৃত্বে বিএনপির পদযাত্রায় হামলা করে আমাদের চার নেতাকর্মীকে মারধর করেছে। যুবলীগের নেতাকর্মীরা বাঁশের লাঠি নিয়ে মোটরসাইকেলে শোডাউন করেছে। আমরা শান্তিপূর্ণভাবে পদযাত্রা করলেও আমাদের উপর অতর্কিত হামলা চালায়।

চেয়ারম্যান মোজাহিদুর রহমান জোয়ার্দ্দার লোটাস বলেন, বিএনপি নৈরাজ্য সৃষ্টির পায়তারা করছিল। আমরা প্রতিহত করেছি। যুবলীগের নেতাকর্মীরা লাঠি হাতে মোটরসাইকেল শোডাউনের প্রসঙ্গে তিনি বলেন, যে কোন হামলা হওয়ার আশংকায় আমরা প্রস্তুতিমূলক অবস্থান করছিলাম। আইনশৃংখলা যেন নষ্ট না হয় এ জন্য আমরা দলীয়ভাবে ছিলাম। তারা কয়েকস্থানে ঝামেলা করার জন্য অবস্থান নিয়েছিল, আমরা প্রতিহত করেছি।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) আব্দুল আলীম বলেন, এমন কোন সংবাদ আমার জানা নেই। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।